



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
খুলনা।

স্মারক নং - ৩৮.০১.৪৭০০.০০০.১১.০০২.২৩.৪৯৯

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (রাজস্ব) নিয়োগ ২০২৩ এর ২য় ধাপের লিখিত পরীক্ষার ফলাফল গত ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ প্রকাশ করা হয়েছে। খুলনা জেলার লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা খুব শীঘ্রই শুরু হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ কার্যক্রম নিয়োগবিধি অনুসরণপূর্বক সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে মেধা, যোগ্যতা, স্বচ্ছতা ও নিরপেক্ষতা এবং দুর্নীতিমুক্তভাবে সম্পন্ন করা হয়। এক্ষেত্রে কোন ধরনের অবৈধ হস্তক্ষেপের সুযোগ নেই।

দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুব্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার কোন সুযোগ নেই। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় অথবা গোয়েন্দা সংস্থাকে অথবা নিম্নস্বাক্ষরকারী এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

শেখ আহিদুল আলম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
খুলনা।